# দারুণ সেবা।

বিজনেস ঔনার
বিল অফ রাইটস

# দারুণ শহর।

**নিউ ইয়র্ক সিটির সকল ব্যবসা মালিককে আরও উন্নত সেবা প্রদানের অঙ্গীকারের অংশ হিসেবে, নিউ ইয়র্ক সিটি মেয়রের কার্যালয় ও সিটি পরিষদ ব্যবসা মালিকদের অধিকার সনদ প্রণয়ন করেছে।**

**নিউ ইয়র্ক সিটিতে একজন ব্যবসায়ী হিসেবে আপনার নিম্নলিখিত অধিকারগুলো রয়েছে:**

- নিউ ইয়র্ক সিটিতে আপনার ব্যবসাকে প্রতিযোগিতায় টিকিয়ে রাখতে এবং বিকশিত করতে প্রয়োজনীয় তথ্য, সরঞ্জাম, সম্পদ এবং সুযোগ-সুবিধা পাওয়ার অধিকার।
- ইংরেজি ছাড়া অন্য ভাষায় তথ্য পাওয়ার অধিকার।
- সিটি কর্তৃপক্ষের নীতিমালা, বিধি-বিধান এবং আইন প্রয়োগ-সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণকালে ক্ষুদ্র ব্যবসার চাহিদা, বাস্তবতা ও তাদের ওপর সম্ভাব্য প্রভাব বিবেচনায় নেওয়ার বিষয়টিকে গুরুত্ব দেওয়ার অধিকার।
- সিটির সংস্থাগুলোর কাছ থেকে সময়মতো সমন্বিত সহায়তা পাওয়ার অধিকার, যাতে ব্যবসার মালিকদের সময়ের প্রতি সম্মান প্রদর্শন করা হয়।
- নিয়মকানুন ও আবশ্যিক শর্তাবলি সম্পর্কে স্পষ্ট ও সহজবোধ্য তথ্য পাওয়ার অধিকার।
- সিটির সংস্থাগুলোর কাছ থেকে ন্যায্য, ধারাবাহিক ও সমন্বিত পরিদর্শন এবং আইন প্রয়োগ কার্যক্রম পাওয়ার অধিকার।
- স্পষ্ট পরিচয় বহনকারী ও অভিজ্ঞ নিউ ইয়র্ক সিটি কর্মীর কাছ থেকে পেশাদার ও সম্মানজনক আচরণ পাওয়ার অধিকার।
- সম্ভব সকল ক্ষেত্রে, জরিমানা আরোপের আগে সমস্যা সংশোধনের জন্য পরিষ্কার নির্দেশনা ও শিক্ষামূলক সহায়তা পাওয়ার অধিকার।
- আইন বা বিধি লঙ্ঘন বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যা, সংশোধনমূলক পদক্ষেপ এবং গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে আপত্তি বা আপিল করার সুযোগ পাওয়ার অধিকার।
- বিচারপূর্ব আলোচনা ও সমঝোতা আলোচনাসহ পরিদর্শন, প্রশাসনিক শুনানি এবং বিচারকাজের জন্য দোভাষী সেবা চাওয়ার অধিকার।
- সিটি কর্তৃপক্ষের সাথে আপনার অভিজ্ঞতা সম্পর্কে কোনো প্রকার প্রতিহিংসার ভয় ছাড়াই বেনামে মতামত বা প্রতিক্রিয়া জানানোর অধিকার।

---

আপনি যদি এই অধিকার সনদ অনুযায়ী সেবা না পেয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে আপনার মতামত জানানোর জন্য সিটি কর্তৃপক্ষের- “ Contact Us “ ( আমাদের সাথে যোগাযোগ করুন) টুলটি নির্বাচন করে জানান। গ্রাহক সমীক্ষার মাধ্যমে পাঠানো তথ্য ব্যবসার মালিকদের জন্য সেবার মান উন্নত করতে সিটির বিভিন্ন সংস্থার মধ্যে আদান-প্রদান করা হতে পারে।

nyc.gov/customersurvey

NYC